

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bppa.gov.bd](http://www.bppa.gov.bd)

নং: ২১.০০.০০০০.৩৬৪.২২.৩০৯.২১-১৭৪

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ


**বিষয়: ইউকল কর্তৃক বাস্তবায়িত সৌর সেচ প্রকল্পের অভিজ্ঞতা Specific Experience হিসেবে বিবেচনার বিষয়ে সিপিটিইউ'র মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র:- ১। প্রকল্প পরিচালকের কার্যালয়, ফ্রিগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নম্বরঃ ১২.০২.০০০০.১২০.০৭.০৪১.২৫.২৪-১২২৫; তারিখ ১৭/১১/২০২৪  
২। বিপিপিএ'র স্মারক নম্বর ২১.০০.০০০০.৩৬৪.২২.৩০৯.২১-১১৫; তারিখ: ১৫/১০/২০২৪  
৩। অধুনালুপ্ত সিপিটিইউ এর স্মারক নম্বরঃ ২১.০০.০০০০.৩৬৩.২৭.২৪৯.২০-৭৭৯; তারিখ: ১৪/১২/২০২০

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত ১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এবং সূত্রস্থিত ২ ও ৩ নং স্মারকদ্বয়ের ধারাবাহিকতায় অবহিত করা যাচ্ছে যে, কোন ক্রয় প্রক্রিয়ায় সংশ্লিষ্ট দরপত্র দলিলের “দরদাতার প্রতি নির্দেশাবলী এর Clause No 28.1(b) [PG3 এর ক্ষেত্রে] অথবা Clause No 32.1(b) [PW3 এর ক্ষেত্রে] এর বিধান মোতাবেক সুনির্দিষ্ট অভিজ্ঞতা সংক্রান্ত নির্ণায়কের বিপরীতে চাহিত দরদাতার অতীতে সম্পাদিত সমরূপ ক্রয়চুক্তি বাস্তবায়নের অভিজ্ঞতার প্রমাণ হিসেবে কেবলমাত্র ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) কর্তৃক জারীকৃত কার্য/সরবরাহ সম্পাদন সনদ দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। সরকারী ক্রয় আইন বা বিধিমালায় বিবৃত “ক্রয়কারী” এর সংজ্ঞায় প্রতীয়মান হয় যে, সরকারী তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসম্পন্ন কোন কর্তৃপক্ষ যিনি প্রত্যক্ষভাবে ক্রয় কার্য সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেন বা করেছেন-সেই কর্তৃপক্ষ ক্রয়কারী হিসেবে বিবেচিত হবেন।

০২। বিবেচ্য ক্ষেত্রে বিপিপিএ কর্তৃক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার কর্তৃক একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত “ইউকল” যদি কোন ক্ষেত্রে সরকারী তহবিল প্রাপ্ত হয়ে প্রত্যক্ষভাবে নিজেরাই কোন ক্রয়কার্য বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে তাহলেই কেবলমাত্র উক্ত সংস্থা বা সংস্থার অধীনস্থ কোন কর্তৃপক্ষ ক্রয়কারী হিসেবে বিবেচিত হবে। অপরদিকে, কোন প্রকল্প বা উদ্যোগে “ইউকল” যদি কেবলমাত্র অর্থায়নকারী হিসেবে ভূমিকা পালন করে, সেক্ষেত্রে আইনে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী সেই প্রকল্পের কোন ক্রয়কার্যের জন্য “ইউকল” ক্রয়কারী হিসেবে বিবেচিত হবে না। এক্ষেত্রে, উপস্থাপিত পর্যবেক্ষণের আলোকে মতামত যাচনকারী কর্তৃপক্ষ যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

০৩। সূত্রে উল্লিখিত ১ নম্বর ক্রমিকে পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রদত্ত এ মতামত শুধুমাত্র বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

  
০৬.১২.২০২৪  
(শাহ ইয়ামিন-উল ইসলাম)  
পরিচালক (উপসচিব)  
ফোনঃ ০২-৪৮১১৯২৯৯

প্রকল্প পরিচালক

ব্লাড রিকনস্ট্রাকশন ইমারজেন্সী এসিসটেন্স প্রজেক্ট (ফ্রিগ)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা-১২১৫।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।